



# اقراء المجلس النوراني لتعليم القرآن بنغلاديش

## ইকরা নূরানী তালিমুল কুরআন বোর্ড বাংলাদেশ

### IQRA NOORANI TALIMUL QURAN BOARD BANGLADESH

প্রধান কার্যালয়- ইকরা ইসলামী মডেল একাডেমি

বল্লা রোড, এলেঙ্গা, কালিহাতী, টাঙ্গাইল।

যোগাযোগ- ০১৭১২-৪০৮২৯৭, ০১৭৫৫-৫০৮২০৮, (অফিস) - ০১৭১২১২৩০৪১

Email- [iqinfo@bd@gmail.com](mailto:iqinfo@bd@gmail.com), [iqinfo@bd@yahoo.com](mailto:iqinfo@bd@yahoo.com), Facebook: [www.facebook.com/iqinfo](http://www.facebook.com/iqinfo)

সূত্র-

তারিখ- ০১/০৭/২০১৮

আসসালামু আলাইকুম ওয়ারাহ্‌মাতুল্লাহ

জনাব,

মোহতারাম পরিচালক

আশাকরি সুস্থ থেকে কুরআনের খেদমতের জন্য সর্বোচ্চ মেহনত চালিয়ে যাচ্ছেন, আল্লাহ তাআলা আপনার এই খেদমতকে কবুল করুন।

পর সমাচার এই যে, ইকরা নূরানী তালিমুল কুরআন বোর্ড বাংলাদেশ কর্তৃক পরিচালিত নূরানী মাদ্রাসা সমূহের ক্যালেন্ডারে উল্লেখিত তারিখ অনুযায়ী ২০১৮ ইং কেন্দ্রীয় সনদ পরীক্ষা আগামী ০২ ডিসেম্বর ২০১৮ ইং রোজ রবিবার শুরু হয়ে ০৬ ডিসেম্বর ২০১৮ ইং রোজ বৃহস্পতিবার শেষ হবে ইনশাআল্লাহ্। শিশু, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বার্ষিক পরীক্ষা আগামী ০৮ ডিসেম্বর ২০১৮ ইং রোজ শনিবার শুরু হয়ে ১৩ ডিসেম্বর ২০১৮ ইং রোজ বৃহস্পতিবার শেষ হবে ইনশাআল্লাহ্। তাই এখন থেকে সাপ্তাহিক পরীক্ষার মাধ্যমে ছাত্র/ছাত্রীদের পরীক্ষার উপযোগী করে গড়ে তোলার জন্য অনুরোধ করা হলো।

**২০১৮ ইং পরীক্ষার ফিঃ নির্ধারণ :** মাদ্রাসা কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর পক্ষ থেকে জনপ্রতি শিশু শ্রেণি - ১০০/= টাকা, প্রথম শ্রেণি ১২০/= টাকা, দ্বিতীয় শ্রেণি- ১৫০/= টাকা এবং তৃতীয় শ্রেণি ৩০০/= টাকা করে আগামী ২৫ শে অক্টোবরের মধ্যে পরীক্ষার ফিঃ উত্তোলন করতে হবে।

**পরীক্ষার ফিঃ বোর্ডে জমা দেওয়ার হার ও তারিখ :** জনপ্রতি শিশু শ্রেণি- ৪০/= টাকা, প্রথম শ্রেণি- ৫০/= টাকা, দ্বিতীয় শ্রেণি- ৬০/= টাকা এবং তৃতীয় শ্রেণি- ১৫০/= টাকা করে আগামী ৩১ শে অক্টোবর ২০১৮ ইং তারিখের মধ্যে বোর্ড কার্যালয়ে অবশ্যই পৌঁছাতে হবে।

### নির্দিষ্ট সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার জন্য করণীয়:-

- তৃতীয় শ্রেণির নামের তালিকা রেজিস্ট্রেশন ফর্মে যথাযথভাবে (বাংলা হস্তাক্ষরে) পূরণ করে, শিশু, প্রথম, ও দ্বিতীয় শ্রেণির ছাত্র/ছাত্রীর সংখ্যা সহ আগামী ৩১ শে অক্টোবর ২০১৮ ইং তারিখের মধ্যে অবশ্যই বোর্ড কার্যালয় বা শাখা কার্যালয়ে পৌঁছাতে হবে।
- আসন্ন বার্ষিক পরীক্ষায় আপনার মাদ্রাসার যে কোন একজন শিক্ষককে (পূর্বের ন্যায়) বোর্ডের পক্ষ হতে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন দায়িত্ব দেওয়া হবে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আপনার সহযোগীতা একান্তভাবে কাম্য। তাই এখন থেকে আপনার মাদ্রাসার মনোনীত শিক্ষককে অবগত করানো এবং বোর্ড কার্যালয়ে তার নাম পৌঁছানো জরুরী।
- পরীক্ষা সংক্রান্ত চিঠিখানা হস্তগত হওয়ার সাথে সাথে পরীক্ষার ফি'র এলান করতে হবে। বোর্ড কর্তৃক ধার্যকৃত বোর্ড ফি এর টাকা অনাদায়ী থাকলে বোর্ড ফিঃ, পরীক্ষা ফিঃ সহ আগামী ৩১ অক্টোবর ২০১৮ ইং তারিখের মধ্যে বোর্ড কার্যালয়/শাখা কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় আপনার মাদ্রাসার পরীক্ষা স্থগিত করা হতে পারে।
- নির্ধারিত সময়ের মধ্যে যদি কোন মাদ্রাসা পরীক্ষা ফি দিতে অপারগ হয়, সেক্ষেত্রে নির্ধারিত পরীক্ষা ফি এর সাথে জনপ্রতি অতিরিক্ত ৫ টাকা সহ আগামী ১০ নভেম্বর ২০১৮ ইং তারিখের মধ্যে বোর্ড কার্যালয়ে পৌঁছাতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

আল্লাহপাক সকলের সহায় হউন, আমিন।

সালামান্তে

মহাসচিব

হা: মাও: আশরাফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাও: আব্দুল হাই

(বিঃদ্র: \* বোর্ড ফি ও পরীক্ষা ফি জমা দেওয়ার পর রশিদ গ্রহণ করার জন্য অনুরোধ রইলো।

\* পরীক্ষা পরিচালনার কাজে সকল বিষয়ে যোগ্য শিক্ষক নিয়োগ করুন অন্যথায় আপনার প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হতে পারে।